UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** ২৩ মে ২০১১

প্রেস বিজ্ঞপ্তি

অবরোধ চলাকালে ঘাগড়ায় ইউপিডিএফ-এর ওপর আবারও জেএসএস-এর সশস্ত্র হামলা: ১ জন নিখোঁজ

অনিমেষ চাকমাসহ ৪ ইউপিডিএফ সদস্যকে হত্যার প্রতিবাদ, খুনী সন্তু গ্রুপের সদস্যদের গ্রেফতার ও বিচার এবং সন্তু লারমাকে আঞ্চলিক পরিষদ থেকে অপসারণের দাবিতে আজ ২৩ মে ২০১১ রাঙামাটি জেলা ব্যাপী সকাল-সন্ধ্যা শান্তিপূর্ণ সড়ক ও নৌপথ অবরোধ চলাকালে ঘাগড়ায় ইউপিডিএফ-এর একটি পিকেটিং দলের ওপর সন্তু গ্রুপের সদস্যরা নির্বিচারে ব্রাশ ফায়ার করেছে।

সকাল ন'টার দিকে রাঙামাটি-চট্টগ্রাম সড়কে ঘাগড়ার মঘাইছড়ি নামক স্থানে এ ঘটনা ঘটে। ঘাগড়া বাজার থেকে জেএসএস সন্তু গ্রুপের ১০/১৫ জনের একদল সশস্ত্র সন্ত্রাসী ৪টি সিএনজি যোগে এসে অতর্কিতে পিকেটারদের উপর গুলি বর্ষণ করে। হামলার পর ইউপিডিএফ সদস্য পুলুচি মারমা (১৮) এখনো নিঁখোজ রয়েছেন। তার বাড়ি রাঙামাটির রাজস্থলীতে। ধারণা করা হচ্ছে তাকে আহত অবস্থায় সন্তু গ্রুপের সন্ত্রাসীরা ধরে নিয়ে গেছে।

অপর এক ঘটনায় সকাল সাড়ে দশটার দিকে রাঙামাটি-চট্টগ্রাম সড়কের মানিকছড়ি শাল বাগানের পাশে ডেপ্পোছড়ি এলাকায় চলন্ত সিএনজিকে লক্ষ্য করে সন্দেহভাজন সন্তু গ্রুপের সদস্যরা গুলি ছোড়ে। এতে সিএনজি চালক গুলিবিদ্ধ হন। ডেপ্পোছড়ি এলাকাটি সন্তু গ্রুপের নিয়ন্ত্রণাধীন। ধারণা করা হচ্ছে ঘটনা ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য সুপরিকল্পিতভাবে এ হামলা চালানো হয়েছে। ঘটনার পর সন্তু গ্রুপের লোকজন উক্ত হামলার দায় ইউপিডিএফ-এর ওপর চাপিয়ে দিয়ে মানিকছড়ির স্থানীয় বাঙালিদেরকে ইউপিডিএফ-এর বিরুদ্ধে খেপানোর চেষ্টা চালায়।

ইউপিডিএফ রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক অলকেশ চাকমা সন্তু গ্রুপের উক্ত সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও জড়িতদের অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছেন। তিনি সন্তু লারমাকে অস্ত্রের ভাষা পরিহার করে আলোচনার টেবিলে আসার আমন্ত্রণ জানান এবং বলেন, "সন্ত্রাস করে ইউপিডিএফ-এর নেতৃত্বে পরিচালিত গণআন্দোলনকে দমন করা যাবে না।"

২১ মে সুবলঙে ৪ ইউপিডিএফ নেতার হত্যার প্রতিবাদ ও আঞ্চলিক পরিষদ থেকে সন্তু লারমাকে অপসারণের প্রতিবাদে আজকের অবরোধ সফলভাবে পালিত হয়েছে। রাঙামাটি-চট্টগ্রাম মহাসড়কসহ সকল সড়ক ও নৌ পথে যান ও নৌ চলাচল বন্ধ ছিল। ইউপিডিএফ রাঙমাটি জেলা ইউনিট শান্তিপূর্ণ অবরোধ পালনে সহযোগিতা করায় বাস ও লঞ্চ মালিক সমিতিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছে।

জাতীয় মুক্তি কাউন্সিলের দেশব্যাপী প্রতিবাদ

কেন্দ্রীয় নেতা অনিমেষ চাকমাসহ ইউপিডিএফ-এর চার সদস্যকে হত্যার প্রতিবাদে আজ জাতীয় মুক্তি কাউন্সিলের উদ্যোগে সারা দেশ ব্যাপী প্রতিবাদ বিক্ষোভের আয়োজন করা হয়েছে।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট